

যশোর বোর্ডের কলেজে উচ্চ মাধ্যমিকে লক্ষাধিক আসন শূন্য থাকবে

■ জামায়াত প্রতিনিধি

যশোর বোর্ডের অধীন খুলনা বিভাগের ১০ জেলায় কলেজগুলোতে ছাত্র-ছাত্রীর অভাবে উচ্চ মাধ্যমিক শ্রেণীতে অপ্রত এক লাখ ৩০ হাজার আসন শূন্য থাকবে। গ্রামের অখ্যাত কলেজগুলো ছাত্র সংকটে পড়বে।

যশোর শিক্ষা বোর্ডের অধীন বর্তমানে ৫শ' ২৩টি কলেজ ও কলেজিয়েট কলেজ উচ্চ মাধ্যমিক শ্রেণীতে পড়ানো হয়। প্রতি কলেজে মানবিক, বিজ্ঞান ও বাণিজ্য শাখায় সেশন করে সাড়ে ৪শ' আসন বরাদ্দ আছে। এ হিসাবে কলেজগুলোর উচ্চ মাধ্যমিক শ্রেণীতে মোট আসন সংখ্যা দু'লাখ ৩৫ হাজার ৩শ' ৫০। গত বছরের চেয়ে এ বছর যশোর বোর্ডে শতকরা ৩ দশমিক ১২ ভাগ বেশি পাস করেছে। মোট পাস করেছে এক লাখ ১৪ হাজার ৮শ' ৪৭ জন ছাত্র-ছাত্রী। উত্তীর্ণ ছাত্র-ছাত্রীদের মধ্যে সকলে ভর্তি হবে না। শতকরা ১০ ভাগ উত্তীর্ণ ছাত্র-ছাত্রী অন্যত্র ভর্তি হবে এবং বেশ কিছুসংখ্যক ভরে পড়বে। ধারণা করা হচ্ছে, এক লাখ সাড়ে ৩

হাজার ছাত্র-ছাত্রী কলেজসমূহে ভর্তি হবে।

যশোর বোর্ডের চেয়ারম্যান প্রফেসর আমিরুল আসম-খান জানান, ভাষা কলেজগুলোতে ভর্তি ইচ্ছুক ছাত্র-ছাত্রীর ভিড় থাকবে। ছাত্র সংকটে পড়বে

গ্রামের কলেজগুলো। তিনি জানান, যশোর ক্যান্টনমেন্ট কলেজে আসন সংখ্যা ৮শ' ভে উন্নীত করার পরও আসন সংকটান-হয় না।

বৃহত্তরের অনেক কলেজ কর্তৃপক্ষ ছাত্র যোগার করতে শিক্ষকদের মাঠে নামিয়ে দিয়েছে বলে জানা গেছে। শিক্ষকগণ নিজ নিজ কলেজে ভর্তির জন্য ছাত্র-ছাত্রীর অভিভাবকদের কাছে ধরনা দিচ্ছেন এমন খবরও পাওয়া যাচ্ছে। নাম প্রকাশে অনিচ্ছুক খিনাইদহের একটি বেসরকারি কলেজের অধ্যাপক জানান, প্রতি বছরই পাশাপাশি কলেজগুলোর মধ্যে ছাত্র-ছাত্রী টানাটানি হয়ে থাকে। সব কলেজ কর্তৃপক্ষ অতি উৎসাহিত হয়ে নিজে নিজে কলেজে অধিক সংখ্যক ছাত্র-ছাত্রী ভর্তি করতে চেষ্টা করে। তিনি জানান, বর্তমানে খিনাইদহ জেলাতে ৩০টি উপরে এমনিওড়ক কলেজ রয়েছে। এছাড়াও ১০টির মত এমনিওবিহীন কলেজ আছে। এরপরও প্রতি বছর ২/১ নতুন কলেজ গড়ে উঠবে। অন্যান্য জেলাতেও একই অবস্থা বলে তিনি জানান।